



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০।  
[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)

নং-৪০.০১.০০০০.১০১.৩১.২৩০.১৬-১৯৯

তারিখঃ

০৪/০৭/১৪২৭ বঙ্গাব্দ  
১৯/১০/২০২০ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া এর শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব মোঃ মামুনুর রশিদ কে উপমহাপরিদর্শকের আইনসংগত আদেশ / দায়িত্ব পালনে অবহেলা, তাঁর সাথে ঔদ্ধত্যপূর্ণ আচরণ এবং হয়রানির বিভিন্ন পথ অবলম্বনের অভিযোগে ০৬/০৯/২০২০ খ্রিঃ তারিখে বিভাগীয় মামলা নং- ২৭/২০২০ রুজু করা হয়;


যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তিনি ১৫/০৯/২০২০ খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিল করেন। লিখিত জবাবে তিনি উল্লেখ করেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া এর উপমহাপরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ২৫/০৪/২০২০ খ্রিঃ তারিখের রোস্টার অনুযায়ী করোনা দুর্যোগকালে সীমিত আকারে অফিস চলাকালে তিনি প্রশাসনিক, দাপ্তরিক, পরিদর্শন ও প্রতিবেদন সংক্রান্ত কাজ নিষ্ঠা ও কর্তব্য পরায়ণতার সাথে পালন করেন। পরবর্তীতে ০৩/০৬/২০২০ খ্রিঃ তারিখের পরিবর্তিত রোস্টার মোতাবেক তাঁর রিপোর্টিং সাপ্তাহিক ছুটির দিন শনিবার নির্ধারণ করা হয়। উক্ত রোস্টার অনুযায়ী তিনি শনিবারসহ অন্যান্য দিনসমূহে সকল দায়িত্ব অত্যন্ত নিষ্ঠা ও সততার সাথে পালন করেন। পরবর্তীতে উপমহাপরিদর্শকের নির্দেশক্রমে উক্ত কার্যালয়ের সহকারী মহাপরিদর্শক (সেফটি) মোবাইল ফোনে জানান যে, সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার ও ০৩/০৬/২০২০ খ্রিঃ তারিখের রোস্টার মোতাবেক শনিবার রিপোর্ট প্রদান করতে হবে না এবং শনিবারের পরিবর্তে বুধবার রিপোর্ট প্রদান করতে হবে। উক্ত তারিখে তিনি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় পরিদর্শন পূর্বক নতুন কোন কারখানা চালু পাননি এবং কোন ধরনের শ্রম অসন্তোষ পরিলক্ষিত হয় নি। ১৩/০৬/২০২০ খ্রিঃ তারিখে রিপোর্ট প্রদানের ক্ষেত্রে তিনি কোন মিথ্যার আশ্রয় গ্রহণ করেন নি। পরবর্তীতে ১৭/০৬/২০২০ খ্রিঃ তারিখে উপমহাপরিদর্শক, বগুড়া পুনরায় সাপ্তাহিক ছুটির দিন শনিবারসহ সপ্তাহে ০৬ (ছয়) দিন রিপোর্ট প্রদানের অফিস আদেশ জারি করেন। করোনা সংকটকালীন ঝুঁকি নিয়ে তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় গুরুত্বপূর্ণ প্রশাসনিক, দাপ্তরিক, অভিযোগ নিষ্পত্তি, পরিদর্শন ও প্রতিবেদন সংক্রান্ত কাজ শিষ্টাচার ও কর্তব্য পরায়ণতার সাথে পালন করে আসছেন মর্মে দাবি করেন।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানি প্রদানে আগ্রহ প্রকাশ করেন সেহেতু ১৮/১০/২০২০ খ্রিঃ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে তিনি জানান যে, তিনি উপমহাপরিদর্শকের সাথে কোন অসৌজন্যমূলক আচরণ করেননি। একজন ক্ষুদ্র কর্মকর্তা হিসেবে কোন ভুল হয়ে থাকলে তাঁর জন্য তিনি নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন।

যেহেতু ব্যক্তিগত শুনানিতে তাঁর বিরুদ্ধে অভিযোগনামায় বর্ণিত অভিযোগ সমূহের বিপরীতে সুনির্দিষ্ট তথ্য উপাত্ত নেই এবং মামলায় অভিযোগ প্রমাণিত হওয়ার যথোপযুক্ত প্রমাণাদি দেখতে পাওয়া গেল না।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেছেন এবং ভবিষ্যতে অত্যন্ত সততা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের বিষয়ে অঙ্গীকারাবদ্ধ হয়েছেন।

সেহেতু, সার্বিক বিষয়াদি বিবেচনায় ভবিষ্যতে পেশাগত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের নির্দেশ প্রদানপূর্বক তাঁকে সর্তক করে অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হল এবং বিভাগীয় মামলা নং- ২৭/২০২০ নিষ্পত্তি করা হল।



শিবনাথ রায়

(অতিরিক্ত সচিব)

মহাপরিদর্শক

ফোন (অফিস)- ০২-৮৩৯১৩৪৮


ফ্যাক্স-০২-৮৩৯১৪২৫

ই-মেইল-[ig@dife.gov.bd](mailto:ig@dife.gov.bd)

নং-৪০.০১.০০০০.১০১.৩১.২৩০.১৬-১৯৯/ ১(৮)

বিতরণঃ জ্ঞাতার্থে/ কার্যার্থে

- ১। অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।
- ৫। জনাব সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান, সহকারি মহাপরিদর্শক (সেইফটি), আইসিটি সেল। (দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৬। জনাব মোঃ আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ)। (ডোসিয়ারে সংক্ষণের জন্য)
- ৭। জনাব মোঃ মামুনুর রশিদ, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।
- ৮। ব্যক্তিগত নথি



শিবনাথ রায়,  
অতিরিক্ত সচিব  
মহাপরিদর্শক

ফোন (অফিস)- ০২-৮৩৯১৩৪৮

ফ্যাক্স-০২-৮৩৯১৪২৫

ই-মেইল-[ig@dife.gov.bd](mailto:ig@dife.gov.bd)